2017/SEM/EVEN/BNGL–401/189

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৭

# বাংলা

( আধুনিক ভারতীয় ভাষা )

( চতুর্থ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGL–401

( বাংলা কথাসাহিত্য ও ভাষা )

( কলা / বিজ্ঞান / বাণিজ্য বিভাগ )

*পূর্ণমান : ৫০*
*উত্তীর্ণমান : ১৭*

*সময় : ২ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

[ বিভিন্ন শাখার ছাত্র-ছাত্রীরা তাদের শাখা অনুযায়ী প্রশ্নের উত্তর করবে ]

## ( কলা বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। (ক) ইন্দ্রনাথের সঙ্গে শ্রীকান্তের প্রথম আলাপ কোথায় হয়েছিল? শ্রীনাথের বাড়ি কোথায় ছিল? শ্রীকান্তের মেজদা কয়বার এন্ট্রান্স ফেল করেছিলেন? মেজদাদের বাড়ির দারোয়ান কাকে চোর বলে ধরেছিল? 'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটি নিজের ভাষায় অংকিত করো। ১+১+১+১+১০=১৪

অথবা

(খ) পিয়ারী বাঈয়ের প্রকৃত নাম কী? তার বাড়ি কোথায়? অন্নদা দিদির স্বামীর নাম কী? " ... রেখে দাও। তোমার ওটা অনেক কাজে লাগবে।" কার উক্তি? 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে শরৎচন্দ্রের হাস্যরস-সৃষ্টি-দক্ষতার পরিচয় দাও। ১+১+১+১+১০=১৪

২। (ক) বাংলা ভাষাকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? সেগুলির নাম উল্লেখ করো। প্রাচীন বাংলার নিদর্শনটির নাম কী? উদাহরণসহ প্রাচীন বাংলার সাধারণ লক্ষণগুলি আলোচনা করো। ১+২+১+১০=১৪

অথবা

(খ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার উপভাষা কয়টি? কামরূপী কোন্ অঞ্চলের উপভাষা? যে কোনো দুটি উপভাষার বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ২+১+১+১০=১৪

৩। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) নতুনদা

(খ) শ্রীনাথ বহুরূপী

(গ) আগন্তুক শব্দ

(ঘ) ইন্দ্রনাথের মাছ শিকারের বর্ণনা

(ঙ) পিসিমা ('শ্রীকান্ত')



WWW.SRCOLLEGE.AC.IN

৪। (ক) সাধু ও চলিত ভাষা বলতে কি বোঝ? সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের পার্থক্য নির্ণয় করো। ৫

*অথবা*

(খ) চলিত ভাষায় রূপান্তরিত করো : ৫

"যিনি আদর্শ পুরুষ তিনি যথার্থ আত্মসংযম করিতে পারেন। যিনি কর্মের রহস্য জানেন, তিনি সর্বপ্রকার কর্ম-ব্যস্ততার মধ্যে সম্পূর্ণভাবে নিজের মনকে শান্ত রাখিতে পারেন। আমাদের সম্মুখে যে কাজই আসুক তাহা সুচারুরূপে সম্পন্ন করিতে হইবে। প্রথমে আমরা স্বার্থ-প্রণোদিত হইয়া কাজ করিব, কিন্তু চেষ্টার দ্বারা ধীরে ধীরে আমাদের স্বার্থ ত্যাগ করিতে হইবে। যে দিন আমরা সম্পূর্ণ নিঃস্বার্থভাবে কাজ করিতে পারিব, সেইদিন আমাদের অন্তরে যথার্থ জ্ঞানের উদয় হইবে। আমরা তখন নিঃস্বার্থ কর্মী হইতে পারিব।"

৫। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানান-রীতির পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) শুদ্ধ করে লেখো : ১×৫=৫

দূর্গা ; ভৌগলিক ; শারিরিক ; পূন্যবান ; মধূসুদন।

## ( বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। (ক) আয়ুর্বেদ প্রাচ্যের না পাশ্চাত্যের চিকিৎসা-পদ্ধতি? জীবনমশায়ের শিষ্যের নাম কী? 'আরোগ্য নিকেতন' কে প্রতিষ্ঠা করেছিলেন? উপন্যাসটির নামকরণ যথাযথ হয়েছে কি না, বিচার করো। ১+১+১+১১=১৪

*অথবা*

(খ) 'আরোগ্য নিকেতন' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসটি কোন্ কোন্ পুরস্কারে ভূষিত? জীবনমশায়ের স্ত্রীর চরিত্রটি আলোচনা করো। ১+২+১১=১৪

২। (ক) 'আপদ' গল্পের আপদের প্রকৃত নাম কি ছিল? সতীশ কে ছিল এবং সে কোথায় থাকত? গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১+১১=১৪

*অথবা*

(খ) যজ্ঞেশ্বরের মেয়ের নাম কি ছিল? তাকে কে বিয়ে করতে চেয়েছিল এবং তার পিতার নাম কী? গল্পটিতে যজ্ঞ পণ্ড করার কাহিনিটি সংক্ষেপে বর্ণনা করো। ১+১+১+১১=১৪

৩। যে কোনো **একটি** বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো : ১৪

(ক) জগদীশ চন্দ্র বসুর বিজ্ঞানসাধনা

(খ) মহাকাশ অভিযানের তাৎপর্য



WWW.SRCOLLEGE.AC.IN

(গ) বনভূমি সংরক্ষণ

(ঘ) আধুনিক প্রযুক্তি-বিজ্ঞান

৪। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) 'আরোগ্য নিকেতন' উপন্যাসে প্রদ্যোত ডাক্তার

(খ) 'নিশীথে' গল্পের অতিপ্রাকৃত রস

(গ) মন্মথনাথ মজুমদার

(ঘ) দাঁতু ঘোষাল

WWW.SRCOLLEGE.AC.IN

## ( বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

১। (ক) প্রেমেন্দ্র মিত্রের ছদ্মনাম কি ছিল? কত সালে, কোন্ কাব্যগ্রন্থের জন্য লেখক 'সাহিত্য আকাদেমি' পুরস্কারে সম্মানিত হন? শশিভূষণের প্রণয়িনীর নাম কী? পরকীয়া প্রেমের প্রেক্ষাপটেই যে 'স্টোভ' গল্পটি রচিত হয়েছে তা আলোচনার মাধ্যমে বুঝিয়ে দাও। ১+২+১+১০=১৪

*অথবা*

(খ) 'পুন্নাম' গল্পের নায়ক ললিত কি বিক্রি করে টাকা জোগাড় করেছিল? 'পুন্নাম' গল্পে ললিত ও ছবির দারিদ্র্য-পীড়িত সংসারের বর্ণনা লেখক কিভাবে দিয়েছেন? 'পুন্নাম' গল্পটি গড়ে উঠেছে এক স্বল্পবিত্ত মানুষের অপত্য স্নেহকে কেন্দ্র করে। এ প্রসঙ্গে তোমার অভিমত ব্যক্ত করো। ১+৩+১০=১৪

২। (ক) প্রেমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? কত সালে, কোন্ পত্রিকায় গল্পটি প্রকাশিত হয়? 'শুধু কেরাণী' গল্পের ছেলেটি কোন্ অফিসের কেরাণী ছিল? 'শুধু কেরাণী' গল্পে মধ্যবিত্ত মানুষের স্বপ্ন-গড়া-ভাঙার যে নির্মম ছবি লেখক এঁকেছেন সে সম্পর্কে আলোচনা করো। ১+২+১+১০=১৪

*অথবা*

(খ) প্রেমেন্দ্র মিত্রের তিনটি গল্প-সংকলনের নাম লেখো। কত সালে প্রেমেন্দ্র মিত্রের জন্ম হয়েছিল? প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্পগুলি মনস্তত্ত্বপ্রধান এবং অদ্ভুত এক রহস্যময়তায় ঘেরা। তোমার পঠিত গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ৩+১+১০=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

৩। সারাংশ লেখো : ৬

বর্তমান সময়ে গণমাধ্যমের চরম উৎকর্ষ ও ভূমিকার কারণে আমরা অনেক বেশি গণমাধ্যমমুখী হয়ে পড়েছি। ফলে আমরা প্রতিনিয়ত গণমাধ্যমের দ্বারা প্রভাবিত হচ্ছি। গণমাধ্যম বর্তমান পরিস্থিতি সম্পর্কে মানুষকে অবগত রাখে। মুহূর্তের মধ্যে ঘটে যাওয়া সমস্ত ঘটনা মানুষকে জানিয়ে দিচ্ছে। মানুষ ও সমাজের ওপর গণমাধ্যমের প্রভাব এত বেশি যে গণমাধ্যম চাইলেই মানুষের কোনো বিষয় ইতিবাচক দৃষ্টিতে দেখাতে পারে; আবার নেতিবাচকভাবেও দেখাতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্র যখন ইরাকের ওপর হামলা চালায় তখন, পশ্চিমা গণমাধ্যম প্রচার করে ইরাকে গণবিধ্বংসী অস্ত্র আছে। আর তা বিশ্বের নিরাপত্তার জন্য হুমকি। ফলে হামলার স্বপক্ষে জনমত গড়ে ওঠে। কিন্তু পরবর্তীতে দেখা যায় গণমাধ্যমের এই প্রচারণা ভুল ছিল। গণমাধ্যম মানুষের মধ্যে গণজাগরণ তুলতে পারে। আবার গণমাধ্যম ভুল ও বিকৃত তথ্য দিয়ে সমাজে বিশৃঙ্খলা ও নৈরাজ্য সৃষ্টি করতে পারে। খুব সামান্য একটি বিষয়কেও গণমাধ্যম তার উপস্থাপনের মাধ্যমে বড় করে তুলতেও পারে।

৪। যে কোনো **একটি** বিষয়ে রচনা লেখো : ১৬

(ক) বিশ্বায়ন ও বাণিজ্য

(খ) লোকশিল্প ও প্রযুক্তি

(গ) ভারতীয় অর্থনীতিতে বিমুদ্রাকরণের প্রভাব

(ঘ) বরাকের বাঁশ-বেত শিল্প

(ঙ) বরাক উপত্যকার বাণিজ্যিক পরিকাঠামো

★★★



WWW.SRCOLLEGE.AC.IN